

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬১১(আগরতলা ৯।১১)  
কাঞ্চনপুর, ৯ নভেম্বর, ২০২৩

**১৬ নভেম্বর লালজুরি ব্লকভিত্তিক যুব উৎসব**

আগামী ১৬ নভেম্বর কাঞ্চনপুর টাউনহলে লালজুরি ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে গতকাল লালজুরি ব্লকের সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। লালজুরি বিএসি চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় লালজুরি ব্লকের বিডিও সৌরভ আল আমান, অতিরিক্ত বিডিও দীপক দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক অভিজিৎ চৌধুরী, বিভিন্ন দপ্তরের আধিকারিক সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা ও ক্লাবের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ১৬ নভেম্বর কাঞ্চনপুর টাউনহলে লালজুরি ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। যুব উৎসবে লোকসংগীত ও লোকনৃত্য, গল্প লেখা, পোস্টার লেখা, আবৃত্তি, ফটোগ্রাফি, বক্তৃতা, হস্তকার শিল্প, বস্ত্র শিল্প, কৃষি পণ্য, দেশীয় খেলাধুলা খাংটা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়াও অ-প্রতিযোগিতা বিভাগে নেশামুক্ত ত্রিপুরা, এইডস নিয়ন্ত্রণ, প্লাস্টিক বিরোধী অভিযান সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হবে। এই যুব উৎসবকে সুন্দর ও সফল করে তোলার জন্য একটি মূল কমিটি ও বিভিন্ন উপ কমিটি গঠন করা হয়েছে।

\*\*\*\*\*